*Pratidhwani the Echo*
*A Peer-Reviewed International Journal of Humanities & Social Science*
***ISSN: 2278-5264 (Online) 2321-9319 (Print)***
***Impact Factor: 6.28** (Index Copernicus International)*
*Volume-VIII, Issue-IV, July 2020, Page No. 17-23*
*Published by Dept. of Bengali, Karimganj College, Karimganj, Assam, India*
*Website: http://www.thecho.in*

# উনবিংশ শতকের কাব্য-কবিতার নির্যাস প্রসঙ্গ: রঙ্গলাল থেকে গীতিকবিতা ধারা

শম্পা লাহা

*সহকারী অধ্যাপক, বাংলা বিভাগ, পাঁচথুপী হরিপদ গৌরীবালা কলেজ, পশ্চিমবঙ্গ, ভারত*

**Abstract:**

*Simply poetry is a literature that evokes a concentrated imaginative awareness of experience or a specific emotional response through language chosen and arranged for its meaning, sound and rhythm, but at the same time poetry is a vast subject as old as history. The main purpose of poetry is to express the independent modes of the poet's mind, though it's ancient or modern. In Britain nineteenth century poetry began with Romanticism, likewise in Bengali Literature also we saw the blossoming of the great Romantic poets such as Biharilal Chakravorty, Surendranath Majumdar, Debendranath Sen, Akshay kumar Baral etc, and thus they all together started a new phase, a new journey....poetry in its lyrical way.... A formal type of poetry which expresses personal emotions or feelings, typically spoken in the first person....lyric poetry.*

***Keywords: poetry, lyric poetry, ballad, nineteenth century, verse.***

আধুনিক হোক বা অনাধুনিক, কবিতাকে প্রথমত এবং শেষমেশ কবিতাই হতে হবে, অন্যকিছু নয়। তাই আলোচনার পরিসর উনিশ শতক হোক বা বিশ শতক, কবিতা বলতে আসলে ঠিক কি বোঝায়, সে প্রসঙ্গে আলোচনা শুরু করলেই প্রসঙ্গক্রমে উঠে আসে কবি এলিয়েটের এই উক্তি ----'Genuine poetry can communicate before it is understood.' [১] 'Collected Essays: T.S Eliot.' আবার তিনিই বলেছেন:- 'The chief use of the 'meaning' of a poem, in the ordinary sense, may be to satisfy one habit of the reader, to keep his mind diverted and quiet, while the poem does its work upon him: much as the imaginary burglar is always provided with a bit of nice meat for the house-dog. This is a normal situation of which I approve. But the minds of all poets do not work that way; some of them assuming that there are other minds like their own, become impatient of this 'meaning' which means superfluous, and possibilities of intensity through its elimination.' [২]

এলিয়েটের মতে কবিদের মধ্যে কেউ কেউ আছেন যাঁরা বাচ্যার্থকে অবান্তর মনে করে তাকে সম্পূর্ণ বাদ দেবার পক্ষপাতী, কারণ তাঁর মতে বাচ্যার্থ পাঠককে ভুলিয়ে রাখার একটা যান্ত্রিক উপায় মাত্র, সেই অবসরে কবিতা তার নিজের কাজ করে যায়, আর পাঠকের মনকে মুক্তি দেয় ব্যঞ্জনার ব্যাপক ক্ষেত্রে। আর

# লোকনাট্য 'আলকাপ' : হিন্দু-মুসলমান মিলন সেতুর সেকাল-একাল

শম্পা সাহা

শুধু নাচ কিংবা গানের তুলনায় নাট্যাভিনয়ের আবেদন যেহেতু বেশি তাই এর সামাজিক অভিঘাত সৃষ্টি করার ক্ষমতাও অনেক ব্যাপক। যেহেতু লোকশিক্ষা এবং গণমাধ্যম হিসেবে লোকনাট্যের গুরুত্ব অনস্বীকার্য নয়, নাটক একসঙ্গে দেখা এবং শোনা যায়, তাই নাটকের পরিপূর্ণ স্বাদটুকু উপলব্ধি করতে অসুবিধে হয় না। লোকনাট্যগুলিতে সমাজ সচেতনতা কোন পর্যায়ে পৌঁছোতে পারে তার প্রমাণ মেলে বেশকিছু রকম লোকনাট্যের উপজীব্য বিষয়বস্তু বিশ্লেষণ করলে। পরিবার পরিকল্পনা থেকে শুরু করে সাক্ষরতার প্রসার, নির্বাচনী প্রতিশ্রুতি থেকে সাম্প্রদায়িক সম্প্রীতি ও বিচ্ছিন্নতাবাদ সমস্যা থেকে শুরু করে স্থানীয় বিভিন্ন সমস্যার বিশ্লেষণ তথা সময় বিশেষে প্রতিকারের হদিশ (অবশ্যই নিজেদের মতো করে) এইসব পালার পরিচালক তথা কুশীলবেরা দেখিয়ে থাকেন। বস্তুতপক্ষে লোকনাট্য, লোকসংস্কৃতির অন্যতম অগ্রসর মাধ্যম হওয়ায় পরিবর্তনশীল সমাজ এবং অর্থনীতির অভিক্ষেপ তার উপর এসে পড়ে অত্যন্ত দ্রুত ভাবে, যেটা সমাজ-সংস্কৃতি বিজ্ঞানের অনিবার্য একটি শর্ত।

- **আলকাপের প্রেক্ষাপট ও অন্যান্য লোকনাট্যের সঙ্গে তুলনা**

মধ্যবঙ্গের মুখ্য লোকনাট্য ধারা আলকাপ—মূলত সামাজিক বিষয় নিয়েই গড়ে উঠেছে বলে এর মূল্যায়ন করতে হয় ভিন্নতর এক নিরিখে। যেহেতু আলকাপের শিল্পীরা মুসলিম এবং হিন্দু দুইরকম ধর্মাবলম্বী পরিবারগুলি থেকেই আসেন এবং দলে এসে তাঁরা প্রায় একই পরিবারের মানুষে পরিণত হন। এইসব শিল্পীদের অধিকাংশ মুসলিম ধর্মাবলম্বী হলেও দলের মধ্যে কোনওরকম রক্ষণশীল অন্ধতা প্রশ্রয় পেতে পারে না। আলকাপ শিল্পীদের নিয়ে লেখা উপন্যাস 'বৈতালিক' এবং 'মায়ামৃদঙ্গ' (যথাক্রমে নারায়ণ গঙ্গোপাধ্যায় এবং সৈয়দ মুস্তাফা সিরাজ রচিত) যারাই পড়েছেন তারা এই ধর্মগত বিভেদ-বুদ্ধি বর্জিত শিল্পী জীবনের পরিচয়টুকু অবশ্য খুঁজে পেয়েছেন যথার্থভাবে।

'গম্ভীরা' হোক কিংবা 'আলকাপ'—সামাজিক বিষয় নিয়ে লেখা পালার মধ্যে যে ব্যঙ্গ-বিদ্রুপ তিরস্কার প্রতিবাদ ব্যক্ত হয়ে ওঠে, তার উদ্দিষ্ট যাঁরা, তাদের জাত-ধর্ম ইত্যাদির বিচার করতে রেয়াত করেন না শিল্পীরা। যেমন, 'নানা' রূপী শিবের কাছে নিন্দার্হ ব্যক্তিরা হিন্দু এবং মুসলিম দুই বর্গেরই অন্তর্ভুক্ত থাকেন। আলকাপের পঞ্চরঙের হুল পৈতে কিংবা নুর আছে কিনা সেই বিচার করে বাঁধে না। চোকোচুন্নি এবং হালুয়া-হালুয়ানি জাতের লঘুচালের লোকনাট্যের পালাগুলিও সমাজে ধর্ম তথা সম্প্রদায়ের বিভাজনরেখাকে স্বীকার করে না। সেকথাও এখানে উল্লেখের দাবি রাখে।

● লোকনাট্য
❑ ছুকরি
লোকনাট্যে ছুক্‌রি : প্রসঙ্গ ব্যক্তিজীবন ৩৪৯
দেবব্রত রায়
❑ আলকাপ
লোকনাট্য আলকাপ : হিন্দু-মুসলমান মিলন সেতুর সেকাল-একাল ৩৫৬
শম্পা সাহা
❑ লোকনাট্য নিয়ে
লোকনাট্য নিয়ে দু-চার কথা ৩৬৩
বোধিসত্ত্ব ভট্টাচার্য
● যাত্রা
মনসাযাত্রায় পালাকারদের জনপ্রিয় সংযোজন : ভাসান পালা ৩৬৯
তনুশ্রী বিশ্বাস
সুন্দরবনের মনসার ভাসান গান : বিভিন্ন বৃত্তিজীবি মানুষের জীবনের গান ৩৭৫
দীপ্ত সরদার
হাওড়া জেলার কালিকাপাতাড়ি : নৃত্য ও নাট্যশৈলী'র এক অনুপম মেলবন্ধন ৩৮২
অংশুমান রায়
লোকায়ত জীবন ও সংস্কৃতিতে দেবী মনসার উৎস, মাহাত্ম্য এবং মনসা পালার উপস্থাপন রীতির বিবর্তন ৩৮৮
বিশ্বজিৎ দাস
বস্তুকেন্দ্রিক লোকসংস্কৃতি
● লোকপ্রযুক্তি
সুন্দরবনের লোক প্রযুক্তি ৩৯২
উজ্জ্বল সরদার
● লোকবাদ্য
নৃত্য-গীতে পুরুলিয়ার লোকবাদ্য ৩৯৭
নিবেদিতা দিন্দা
লোকপেশায় লোকবাদ্যযন্ত্রের ব্যবহার ৪০১
শ্রীকান্ত কর্মকার
শিল্পবস্তুকেন্দ্রিক লোকসংস্কৃতি
● তাঁতশিল্প
বাংলার তাঁতি ও তাঁতশিল্প : ক্ষেত্রসমীক্ষাভিত্তিক একটি ভাবনা ৪০৬
বেণীমাধব দাস বৈরাগ্য
● মৃৎশিল্প
লোকশিল্পচর্চায় মাটির পুতুল ৪১২
শুভঙ্কর মণ্ডল
● পাটিশিল্প
কালের প্রেক্ষাপটে হারিয়ে যাচ্ছে পাটি শিল্প ৪১৯
নিজামুদ্দিন সেখ

ISSN : 0976-9463
Issue 26, Vol. 41
January - March 2021

# তবুএকলব্য

বিশেষ সংখ্যা

## লোকসংস্কৃতি ও লোকসাহিত্য

তবুএকলব্য
লোকসংস্কৃতি ও লোকসাহিত্য



সম্পাদনায়

দীপঙ্কর মল্লিক • দেবারতি মল্লিক

দি গৌরী কালচারাল অ্যান্ড এডুকেশনাল অ্যাসোসিয়েশন

TABU EKOLABYA
ISSN 0976-9463

৪১

# তবুএকলব্য

কলা ও মানববিদ্যা বিষয়ক গবেষণা পত্রিকা

২৬ বর্ষ • ৪১ সংখ্যা • ২০২১

# TABU EKALABYA

UGC Approved International Peer-Reviewed (Refereed)
Research Journal on Arts & Humanities

**UGC-CARE LISTED JOURNAL, SL. NO. 16**

## লোকসংস্কৃতি ও লোকসাহিত্য
## বিশেষ সংখ্যা

দি গৌরী কালচারাল এন্ড এডুকেশনাল অ্যাসোসিয়েশন
সমাজ-সংস্কৃতি-সাহিত্য গবেষণাকেন্দ্র